# SRI RAMAKRISHNA ASHRAMA INSTITUTE

## চতুর্থ শ্রেণি
## ভূগোল বিজ্ঞান
## একক- শরীর
## উপএকক- খাদ্য
## ক) প্রাণীর খাদ্য (পৃষ্ঠা- ৪৪-৪৯)
## খ) উদ্ভিদের খাদ্য (পৃষ্ঠা-৫৬-৬৬)
## IMPLEMENTATION SHEET

**১) খাদ্য কাকে বলে?**

উ: জীবন ধারণ ও শরীর গঠনের জন্য যা খেয়ে হজম করা যায় এবং শরীরের পুষ্টি সাধন ,ক্ষয়পূরণ ও শক্তি পাওয়া যায় ,তাকেই খাদ্য বলে। যেমন-ভাত ,রুটি, ফল, মাছ, তরকারি প্রভৃতি।

**২) খাদ্য খাওয়ার প্রয়োজনীয়তা কী?**

উ: আমরা সারাদিন যে পরিশ্রম করি তার ফলে আমাদের শক্তি ক্ষয় হয়। তাই আমরা শারীরিক ভাবে ক্লান্ত ও মানসিক অবসাদগ্রস্ত হয়ে পড়ি ।শরীরের ও মনের এই ক্লান্তি দূর করার জন্য এবং শরীরের ক্ষয় পূরণ করার জন্য আমাদের খাদ্য খাওয়ার প্রয়োজন হয়।

**৩) পুষ্টিগুণ অনুযায়ী খাদ্য কয় প্রকার ও কী কী? প্রত্যেক প্রকার খাদ্য কীভাবে কাজ করে?**

উ: **ক) শর্করা জাতীয় খাদ্য** - চাল, গম, ভুট্টা ,আলু ইত্যাদি। এগুলি দেহের শক্তি উৎপাদনে সাহায্য করে।

**খ) স্নেহ জাতীয় খাদ্য** - ঘি মাখন তিল সরষে ইত্যাদি। এগুলি আমাদের দেহে শক্তি উৎপাদনে সাহায্য করে।

**গ) প্রোটিন জাতীয় খাদ্য** - ডাল, সোয়াবিন, মাছ, মাংস ইত্যাদি। এগুলি দেহের ক্ষয়পূরণ ও বৃদ্ধিতে সাহায্য করে।

**ঘ) ভিটামিন জাতীয় খাদ্য** - শাকসবজি, ফল। এগুলি আমাদের দেহের পুষ্টি সাধন ও দেহ সংরক্ষণে সাহায্য করে।
**ঙ) খনিজ লবণ** - দুধ ও দুধের তৈরি খাবার, ছোট মাছ, সবুজ শাক ইত্যাদি। কুলি দেহের গঠন ও ক্ষয়পূরণে সাহায্য করে।
**চ) জল** - দেহের গঠন ও বিভিন্ন কাজে সমন্বয় সাধন করে।

**৪) শরীর দুর্বল হয় কীভাবে?**

উ: সুস্থ সবল শরীরের জন্য নিয়মিত পুষ্টিকর ও সুষম খাদ্য খাওয়া প্রয়োজন,  না হলে শরীর দুর্বল হয়ে যায় ও রোগ-ব্যধি বাসা বাঁধে। খাদ্য যেমন আমাদের শরীরে শক্তি জোগায় তেমনি রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় এবং শরীরের ওজন ও আয়তন বাড়ায়।

**৫) শিশুরা কোন শারীরিক পরিশ্রম না করলেও খাবার খায় কেন?**

উ: শিশুরা যতক্ষণ জেগে থাকে ততক্ষণ হাত পা নেড়ে খেলে, মুখে শব্দ করে, এর জন্য শিশুর শরীরে শক্তি ক্ষয় হয়। এই শক্তির ক্ষয় পূরণের জন্যই শিশুরা খাবার খায়।

**৬) সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় গাছের কী কী প্রয়োজন হয়?**

উ: সূর্যালোক, গাছের সবুজ কণা বা ক্লোরোফিল, বাতাসের কার্বন ডাই-অক্সাইড, মাটি থেকে শোষিত জৈব খনিজ পদার্থ এবং জল।

**৭) সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় গাছ কি কি উৎপন্ন করে?**

উ: সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় গাছ তার নিজের জন্য খাদ্য (গ্লুকোজ) ও অক্সিজেন উৎপন্ন করে।

**৮) গাছের খাদ্য তৈরীর প্রক্রিয়া টি চিত্রসহ আলোচনা করো।**

উ: বই পৃষ্ঠা ৬৫

**[বি: দ্র: বই ভালোভাবে রিডিং পড়তে হবে এবং প্রশ্ন উত্তর মুখস্ত করতে হবে।]**